

# লিভোপ্লাস®

## যকৃত প্রদাহ ও জডিস নিবারক

### উপাদান :

প্রতি ৪ গ্রাম এর স্যাচেট এ আছে

লিওনারাস কারডিয়াকা (বরন্জাসুফ) ০.৪৮ গ্রাম

আর্টিমিসিয়া আফসানথিয়াম (আফসেন্তীন) ০.৪৮ গ্রাম

এবং অন্যান্য উপাদান (সূত্র : কাবেদী, ব.জ.ই.ফ)

ইউনানী ঔষধ

### বিবরণ :

লিভারের (যকৃত) অকার্যকারিতা বা নিষ্ক্রিয়তা, লিভারের প্রদাহ ও বৃদ্ধি, লিভারের ব্যাথা, লিভার ফুলে যাওয়া এবং লিভারের কার্যকারিতা শিথিল হয়ে পড়া অবস্থায় **লিভোপ্লাস®** অত্যন্ত কার্যকরী হার্বাল ঔষধ। লিভারের প্রদাহ জনিত জডিসে খুব দ্রুত বিলিরুবিন কমিয়ে দেয় এবং ইডিমাতে শরীর থেকে অতিরিক্ত পানি বের করে দেয়। লিভার যখন দুর্বল হয়ে যায়, নেতিয়ে পড়ে এবং ইহার কার্যকারিতা যখন নষ্ট হয় তখন ক্ষুধা থাকেনা ও পরিপুষ্ট তাজা রক্ত উৎপন্ন হয় না এবং মুখমন্ডল ফ্যাকাশে হয়ে যায় এ ক্ষেত্রে **লিভোপ্লাস®** সেবনে পরিপুষ্ট রক্ত উৎপাদন প্রক্রিয়া স্বাভাবিক অবস্থায় ফিরে আসে। লিভারের মধ্যে রক্ত চলাচল বিঘ্নিত হলে লিভারের প্রদাহ সৃষ্টি হয় এবং লিভার ফুলে যায় বেশী ফুলে গেলে লিভার শক্ত হয়ে যায়। অত্যধিক মাত্রায় মদ বা এ্যালকোহল সেবন করার ফলে লিভার সিরোসিসের লক্ষণ পরিলক্ষিত হয় এবং লিভার বড় হয়ে লিভারে ব্যাথা হয়, **লিভোপ্লাস®** লিভার সিরোসিসের প্রক্রিয়া প্রতিহত করে। উল্লেখিত অবস্থা সমূহে **লিভোপ্লাস®** নিয়মিত সেবনে অত্যন্ত ভাল ফল পাওয়া যায়।

### কার্যকারিতা :

লিভারের প্রদাহ ও বৃদ্ধি, লিভারের ক্রিয়ার দুর্বলতা, লিভার প্রদাহ জনিত জডিস ও ইডিমা।

### সেবন বিধি:

১টি করে স্যাচেট দৈনিক ২ বার আহারের পূর্বে পানি সহ অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

### ভাল ফলাফল পেতে :

লিভারের রোগীদের হালকা, সহজ পাচ্য খাবার গ্রহন করতে হবে। **লিভোপ্লাস®** সেবনকালীন সময়ে পরিমানমত পানি, লেবু, শরবত এবং অন্যান্য ফলের রস সেবনে অধিক ফল পাওয়া যায়।

**প্রতি নির্দেশনা:** জানামতে এর কোন প্রতি নির্দেশনা নেই।

### পার্শ্ব প্রতিক্রিয়া:

**লিভোপ্লাস®** প্রাকৃতিক উপাদানে তৈরী। নির্দেশিত মাত্রায় সেবন করলে পার্শ্ব প্রতিক্রিয়া লক্ষ্য করা যায় না।

### গর্ভাবস্থায় এবং দুগ্ধদানরত মায়ের ব্যবহার:

**লিভোপ্লাস®** গর্ভাবস্থায় এবং দুগ্ধদানরত মায়ের ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি করে না।

### পরিবেশনা:

প্রতি সুদৃশ্য বক্সে একক মাত্রার ২৫টি স্যাচেট আছে।

\* আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ঔষধ শিশুদের নাগালের বাহিরে রাখুন।

\* অনুরোধে বিস্তারিত তথ্য সরবরাহ করা হয়।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ  
গাজীপুর-বাংলাদেশ।